গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং- ৩৪.০০.০০০০.০৪১.১১.০১২.২৪.১৮৮

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩১ / ০৪ জুন ২০২৪

## নিয়োগ পত্র

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪.১১.২০১০ খ্রি. তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮.১৩৫৬ (২৫০) নং স্মারকের আলোকে এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটির সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এবং প্রচলিত বিধি-বিধান অনুযায়ী ভাতাদিসহ সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে ছকে বর্ণিত পদ ও বেতনস্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো (মেধাক্রমানুসারে) :

| ক্র.নং | নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদের নাম | বেতনস্কল ও গ্রেড |
|---|---|---|---|---|
| ১ | নাম : মোঃ মোতালেব হোসেন<br>পিতার নাম : মোঃ আজিজুর রহমান<br>মাতার নাম : মোছাঃ রেজিয়া বেগম | গ্রাম : মাধবপুর<br>ডাকঘর : কালমেঘ<br>উপজেলা : বালিয়াডাংগী<br>জেলা : ঠাকুরগাঁও | অফিস সহায়ক<br>(রাজস্বখাতে স্থায়ী) | ৮,২৫০-২০,০১০/-<br>(২০তম গ্রেড) |
| ২ | নাম : মোঃ শাহ্ আলম<br>পিতার নাম : মোঃ রাজিব হোসেন<br>মাতার নাম : মোছাঃ কল্পনা খাতুন | গ্রাম : গুপিয়াখালী<br>ডাকঘর : কৈজুরী<br>উপজেলা : শাহাজাদপুর<br>জেলা : সিরাজগঞ্জ | অফিস সহায়ক<br>(রাজস্বখাতে স্থায়ী) | ৮,২৫০-২০,০১০/-<br>(২০তম গ্রেড) |
| ৩ | নাম : মোছাঃ মিলি খাতুন<br>পিতার নাম : মোঃ আব্দুল মোন্নাফ<br>মাতার নাম : মোছাঃ জেলেখা বেগম | গ্রাম : দক্ষিণ সাদুল্ল্যা, সাদুল্লা<br>ডাকঘর : মাটিয়াল<br>উপজেলা : উলিপুর<br>জেলা : কুড়িগ্রাম | অফিস সহায়ক<br>(রাজস্বখাতে স্থায়ী) | ৮,২৫০-২০,০১০/-<br>(২০তম গ্রেড) |
| ৪ | নাম : মোঃ মনোয়ার হোসেন<br>পিতার নাম : মোঃ জিল্লুর রহমান<br>মাতার নাম : মরিয়ম বেগম | গ্রাম : উত্তর রামপুর<br>ডাকঘর : ঐ পাহাড়পুর<br>উপজেলা : বদলগাছী<br>জেলা : নওগাঁ | অফিস সহায়ক<br>(রাজস্বখাতে স্থায়ী) | ৮,২৫০-২০,০১০/-<br>(২০তম গ্রেড) |
| ৫ | নাম : রাসেল রানা<br>পিতার নাম : সামসুর রহমান<br>মাতার নাম : কল্পনা বিবি | গ্রাম : নামা শিকারপুর<br>ডাকঘর : শিকারপুর<br>উপজেলা : নওগাঁ সদর<br>জেলা : নওগাঁ | অফিস সহায়ক<br>(রাজস্বখাতে স্থায়ী) | ৮,২৫০-২০,০১০/-<br>(২০তম গ্রেড) |

**শর্তসমূহ :**

১) প্রার্থীকে সিভিল সার্জনের নিকট থেকে স্বাস্থ্য পরীক্ষা (ডোপ টেস্ট বাধ্যতামূলক) করে শারীরিক সুস্থ্যতার সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ মন্তব্য পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
২) মুক্তিযোদ্ধা কোটা, আনসার কোটা ও প্রতিবন্ধী কোটায় নির্বাচিতদের কোটা সংশ্লিষ্ট সনদপত্রাদি যাচাইঅন্তে সঠিক পাওয়া না গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
৩) পুলিশ ভেরিফিকেশন-এ কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
৪) প্রার্থীগণকে “যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না” মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে;
৫) এই পদে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বৎসর তাদের চাকরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে;
৬) শিক্ষানবিশকালে তাদের আচরণ ও কার্যাবলি সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতীত তাদেরকে চাকরি হতে অপসারণ করা হবে;
৭) চাকরির জ্যেষ্ঠতা সরকারি বিধি-বিধান মোতাবেক নির্ধারিত হবে;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

৮) এ পদের জন্য যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদি (যদি থাকে) সম্পন্ন হওয়ার পর এবং শিক্ষানবিশকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে ০২ (দুই) বৎসর পর তাদের চাকরি স্থায়ী করা হবে ;

৯) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাদের চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে। এছাড়া সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাদের চাকরি নিয়ন্ত্রিত হবে;

১০) বর্তমানে কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবমুক্তিপত্র/ছাড়পত্রের কপি দাখিল করতে হবে;

১১) নিয়োগকৃত প্রার্থীদের অনুকূলে নিয়োগপত্রে উল্লিখিত তারিখের মধ্যে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

১২) চাকরি হতে ইস্তফা প্রদানের প্রয়োজন হলে ০২ (দুই) মাস পূর্বে কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। তাদের ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে তাদের চাকরি থেকে অনুপস্থিত থাকলে তাদের বিরুদ্ধে সরকারি বিধি-বিধান অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৩) নির্বাচিত প্রার্থীকে ৩০.০৬.২০২৪ খ্রি. তারিখের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে ;

১৪) এ চাকরিতে যোগদানের জন্য তাদেরকে কোন প্রকার ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা প্রদান করা হবে না।

০৪.০৬.২০২৪
মোঃ ফজলে এলাহী
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৪০৭৭

নং- ৩৪.০০.০০০০.০৪১.১১.০১২.২৪.১৮৮ তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩১ / ০৪ জুন ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, ঢাকা।
৪. চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫. উপসচিব, পরিবহন শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৬. মন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৭. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯. প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
১০. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২. জনাব মোঃ মোতালেব হোসেন, পিতা : মোঃ আজিজুর রহমান, মাতা : মোছাঃ রেজিয়া বেগম, গ্রাম : মাধবপুর, ডাকঘর : কালমেঘ, উপজেলা : বালিয়াডাংগী, জেলা : ঠাকুরগাঁও।
১৩. জনাব মোঃ শাহ্ আলম, পিতা : মোঃ রাজিব হোসেন, মাতা : মোছাঃ কল্পনা খাতুন, গ্রাম : গুপিয়াখালী, ডাকঘর : কৈজুরী, উপজেলা : শাহাজাদপুর, জেলা : সিরাজগঞ্জ।
১৪. জনাব মোছাঃ মিলি খাতুন, পিতা : মোঃ আব্দুল মোন্নাফ,মাতা : মোছাঃ জেলেখা বেগম, গ্রাম : দক্ষিণ সাদুল্ল্যা, সাদুল্লা, ডাকঘর : মাটিয়াল, উপজেলা : উলিপুর, জেলা : কুড়িগ্রাম।
১৫. জনাব মোঃ মনোয়ার হোসেন, পিতা : মোঃ জিল্লুর রহমান, মাতা : মরিয়ম বেগম, গ্রাম : উত্তর রামপুর, ডাকঘর : ঐ পাহাড়পুর, উপজেলা : বদলগাছী, জেলা : নওগাঁ।
১৬. জনাব রাসেল রানা, পিতা : সামসুর রহমান, মাতা : কল্পনা বিবি, গ্রাম : নামা শিকারপুর, ডাকঘর : শিকারপুর, উপজেলা: নওগাঁ সদর, জেলা : নওগাঁ।

০৪.০৬.২০২৪
মোঃ ফজলে এলাহী
উপসচিব